২৬/৯/২০০৭

তারিখ ...............
পৃষ্ঠা ৩ কলাম ৫

দৈনিক সংবাদ

### টাটা ইনফোটেক শিক্ষা কার্যক্রম

# ঢাকায় আন্তর্জাতিক ট্রেনিং সেন্টার

পৃথিবী যতই কারিগরিগতভাবে সমৃদ্ধ হচ্ছে, সুপরিকল্পিত এবং সুবাস্তবায়িত কম্পিউটার শিক্ষার প্রয়োজন ততই বেড়ে চলেছে। আর যেহেতু বাংলাদেশে আইটি শিক্ষার উন্নয়নের ওপর জোর বেড়েই চলেছে, তাই নতুন নতুন সুযোগের দ্বারও উন্মোচিত হচ্ছে প্রতিদিন। আর তারই ফলস্বরূপ; বাংলাদেশ মানসম্পন্ন আইটি প্রফেশনালের যোগানকারী হিসেবে দেশ এবং দেশের বাইরের চাহিদা মেটাতে যথেষ্ট সম্ভাবনার সাক্ষর রেখে চলেছে। টাটা ইনফোটেক সিস্টেম ইনট্রিগ্রেশন, সফটওয়ার ডিস্ট্রিবিউশন, ম্যানুফ্যাকচারিং এবং এডুকেশন সার্ভিস এই চার বিভাগ নিয়ে গঠিত একটি সম্পূর্ণ আইটি কোম্পানি। এটি ৯ বিলিয়ন ডলার সমৃদ্ধ টাটা গ্রুপের একটি অবিচ্ছেদ্য অংশ।

টাটা ইনফোটেক-এর শিক্ষা সংক্রান্ত কর্মকাণ্ড শুরু হয় ১৯৯২ সালে নয়াদিল্লিতে একটি শাখা নিয়ে। ইউনিসিস, সান, কমপ্যাক, মাইক্রোসফট, ওরাকল, আইবিএম, সিসকো, ব্যান, ডেল কম্পিউটারস, নোভেল প্রভৃতি প্রতিষ্ঠানের সাথে সমন্বয়ের মধ্য দিয়ে টাটা আন্তর্জাতিক অঙ্গনেও যথেষ্ট সুপরিচিতি অর্জন করেছে। বর্তমানে টাটা আমেরিকা থেকে জাপান, জাপান থেকে অস্ট্রেলিয়া এবং আরও বহুদূর পর্যন্ত তার কর্মকাণ্ড ছড়িয়ে দিয়েছে।

গত বছরগুলোতে টাটা ইনফোটেক লিমিটেডের এডুকেশন ডিভিশন নোভেল, এডেক্সেল ইনটারন্যাশনালের এইচএনডি, যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অফ হার্ট ফোর্ডসায়ার, মাইক্রোসফট, ইনটেল এবং ব্যান-এর সাথে আইটি কোর্স করার ব্যাপারে চুক্তিতে এসেছে।

সবচেয়ে সাম্প্রতিক চুক্তি সম্পাদিত হয়েছে স্মার্ট ফোর্স (এসএফ)-এর সাথে, যারা আগে যুক্তরাষ্ট্রের সিবিটি সিস্টেম নামে পরিচিত ছিল। এসএফ একটি সহযোগিতামূলক উন্নয়ন চুক্তিতে আবদ্ধ হয়েছে ১৯টি প্রতিষ্ঠানের সাথে, যার মধ্যে রয়েছে সিসকো, মারিমরা, মাইক্রোসফট, আইবিএম, জাগসফট, নেটস্কেপ, নোভেল, ওরাকল, স্যাপ, সাইবেস।

গতকাল মঙ্গলবার ঢাকায় ইন্টারন্যাশনাল ট্রেনিং সেন্টার (আইটিসি)-এর উদ্বোধন ঘোষণা করা হয়েছে ইস্ট ওয়েস্ট ইনফোটেক লিমিটেডের সাথে সমন্বয়ের মধ্য দিয়ে। এ ট্রেনিং সেন্টারটির ঠিকানা হচ্ছে ঃ ১৮ ইরেক্টর বিল্ডিং, বনানী, ঢাকা-১২১৩।

আইটিসি স্টুডেন্টদের আইটিতে একটি সম্মানজনক আন্তর্জাতিক ক্যারিয়ারের জন্য তৈরি করে দেয়। জিটেক ফায়ার সময়ের সর্বাধিক চাহিদাসম্পন্ন এবং সম্পূর্ণ আইটি ক্যারিয়ার কোর্স, যা স্টুডেন্টদেরকে শক্ত ভিতের ওপর দাঁড় করিয়ে দেয়। এছাড়াও তাদের প্রয়োজনীয় জ্ঞান এবং অভিজ্ঞতা দেয় ব্যাংকিং, ইন্সুরেন্স এবং টেলিকমের আইটি সংক্রান্ত বিষয়ে, যাতে তারা তাদের পছন্দের বিষয়ে সাফল্য পেতে পারে। এটা তাদের নিজেদের অবস্থান সুদৃঢ় করার পাশাপাশি সাতটি ইন্টারন্যাশনাল সার্টিফিকেট অর্জনের জন্য সহায়তা প্রদান করে থাকে। বিশ্বব্যাপী ৫ হাজার প্রকল্প সমন্বয়ের অভিজ্ঞতা নিয়ে ই-টেক কোর্স তৈরি করা হয়েছে যেটি মূলত একটি ই-কমার্সভিত্তিক কোর্স। এই কোর্সের বিভিন্ন মডিউল স্টুডেন্টদেরকে প্রশিক্ষণ দেয় আইটি ইন্ডাস্ট্রির বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা এবং একটি মানসম্পন্ন ক্যারিয়ার গড়ার জন্য। সংবাদ বিজ্ঞপ্তি।